# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১

মাধবদী, নরসিংদী

Web : pbs1.narsingdi.gov.bd

Email: narsingdipbs1@yahoo.com

ISO 9001: 2015 CERTIFIED


স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৩.০২.০০৮.২০২৫.৪৫৮২

তারিখঃ ১৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ।
০৩ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শুণ্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে;

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ডাটা এন্ট্রি অপারেটর, পদ সংখ্যা- ০২ টি (কম বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত ২০২১) অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ সহ এইচ.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষার কোনো স্তরে তৃতীয় বিভাগ/সমমান গ্রহণযোগ্য নয়। **বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর।**<br>খ) কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞ/পারদর্শী হতে হবে।<br>গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বেসিক জ্ঞান থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঙ) বাংলা ও ইংরেজি ব্যাকরণ বানান, বিরাম চিহ্ন ব্যবহার সহ বাক্য গঠনে ও দাপ্তরিক চিঠিপত্র এবং তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>চ) অর্পিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>ছ) যথাযথভাবে ফাইলিং উপস্থাপন, যোগাযোগ তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>জ) **পদটি মহিলাদের জন্য সংরক্ষিত।** |

**শর্তাবলী:**

০১। আবেদকারীগণকে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (pbs1.narsingdi.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে আবেদন ফরম A-4 সাইজের কাগজে (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোডপূর্বক স্বহস্তে পূরণ করে **আগামী ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে "সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী"** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। **সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জন প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪. ১৪১, তাং-২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার আওতাভুক্ত নরসিংদী সদর (মাধবদী পৌরসভা এবং আমদিয়া, মেহেরপাড়া, পাঁচদোনা, শীলমান্দি, চিনিশপুর, নুরালাপুর, কাঁঠালিয়া, মহিষাশুড়া ও পাইকারচর ইউনিয়ন), পলাশ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী কোন প্রার্থী আবেদন করতে পারবেন না। গত ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখে জারীকৃত অধ্যাদেশ অনুযায়ী আবেদনকারীর **বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর প্রযোজ্য হবে।**

০৩। **নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করতে হবে;**

(ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার ও কম্পিউটার প্রশিক্ষণ সনদ (মার্কশিট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

(ঘ) অভিজ্ঞতা সনদ (যদি থাকে)।

(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ।

(চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(ছ) **আবেদনপত্রে সংযুক্ত সকল সনদপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম, পদবী সম্বলিত সীল দ্বারা সত্যায়িত থাকতে হবে।**

(জ) **সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।**

(অঃপৃঃদ্রঃ)

০৪। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জন সাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ হলে পবিস নির্দেশিকা- ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণসহ মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

০৫। অত্র পবিসের কোন কর্মকর্তা/কর্মচারী-এর প্রথম মাত্রার রক্ত সর্ম্পকীয় আত্মীয় (First Blood) বা কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী-এর প্রথম মাত্রার রক্ত সর্ম্পকীয় আত্মীয় (First Blood) এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৬। কোন প্রার্থী ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত হয়ে থাকলে অথবা যদি তিনি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে তার আবেদন করার প্রয়োজন নাই।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কেহ নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রামাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূন্য পদ পূরন হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

০৯। প্রার্থীকে বাংলাদেশের যেকোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১১। অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৫। যেকোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৬।১১।২৫

(আবু বকর শিবলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯ ৪০০০৫৬

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।**

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নরসিংদী।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৫। তত্বাবধায়ক প্রকৌশলী, ... জোন, বাপবিবোর্ড, ........।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................ পবিস-১/২/৩/৪।
০৭। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। ডিজিএম, সদর -কারিগরী/মাধবদী/ঘোড়াশাল জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
১০। এজিএম (ওএন্ডএম), তালতলী সাব জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
১১। এজিএম (প্রশাসন/অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), নরসিংদী পবিস-১।
১২। এজিএম (আইটি), নরসিংদী পবিস-১: (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১৩। নোটিশ বোর্ড, সদর দপ্তর/জোনাল/সাব-জোনাল অফিস, নরসিংদী পবিস-১।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

৬।১১।২৫

(আবু বকর শিবলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
মাধবদী, নরসিংদী।

(ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১)

ISO 9001:2008 CERTIFIED

**নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১
মাধবদী, নরসিংদী।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ............ ............................................................ ............................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

...................................................................................... ........................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

........................................................ ................................................. ............................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

........................................................ ................................ (দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স ( ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখে)

........................................................ ..............................................

১০. পিতার নাম

১১. ধর্ম

........................................................ ..............................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

........................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

........................................ ..................................... ................................... ..........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

(অঃপৃঃদ্রঃ)

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ মাধবদী, নরসিংদী

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ........................................... | ........................................ | ...................................... | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ......................................................... | ...................................................... | .......................................... |
|---|---|---|
| ১৯. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং | ২০. পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল্য | ২১. ইস্যুর তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে নরসিংদী পবিস-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে নরসিংদী পবিস-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

| -------------------------------- | -------------------------------------- |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ মাধবদী, নরসিংদী

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১

মাধবদী, নরসিংদী।

ISO 9001:2008 CERTIFIED


লিখিত / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ..........................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**..........................................................

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

(অঃপৃঃদ্রঃ)



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ ★ মাধবদী, নরসিংদী ★

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।